

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৪১৭

৪/ আন্তরিক কর্মাবলী

পরিচ্ছেদঃ মুজাহাদাহ বা দ্বীনের জন্য এবং আত্মা, শয়তান ও দ্বীনের শত্রুদের বিরুদ্ধে নির্লস চেষ্টা, টানা পরিশ্রম ও আজীবন সংগ্রাম করার গুরুত্ব

## আববী

عَنْ أَبِيْ عبد الله حُذَيفَةَ بنِ اليمانِ رضي الله عَنهما قَالَ: صلَّيْتُ مَعَ النَّبِي عَلَيْ فَا ذَاتَ لَيلَةٍ فَافْتَتَحَ البقرَةَ فَقُلْتُ : يُركَعُ عَندَ المنَّةِ ثُمَّ مَضَى فَقُلْتُ : يُصلِّي بِهَا في ركعة فَمَضى فَقُلْتُ : يَرْكَعُ بِهَا ثُمَّ افْتَتَحَ النِّسَاءَ فَقَرَأَهَا ثُمَّ افْتَتَحَ آلَ عِمْرَانَ فَقَرَأَهَا يَقرَأُ مُتَرَسِّلاً : إِذَا فَقُلْتُ : يَرْكَعُ بِهَا ثُمَّ افْتَتَحَ النِّسَاءَ فَقرَأَهَا ثُمَّ افْتَتَحَ آلَ عِمْرَانَ فَقرَأَهَا يَقرَأُ مُتَرَسِّلاً : إِذَا مَرَّ بآية فِيهَا تَسبيحُ سَبَّحَ وَإِذَا مَرَّ بسُوال سَأَلَ وَإِذَا مَرَّ بتَعَوُّذَ تَعَوَّذَ ثُمَّ رَكَعَ فَجَعَلَ يَقُولُ سَبْحَانَ رَبِّي العَظِيمِ فَكَانَ رُكُوعُهُ نَحواً مِنْ قِيَامِهِ ثُمَّ قَالَ سَمِعَ اللهُ لِمَنْ حَمِدَهُ رَبَّنَا لَكَ سُبْحَانَ رَبِّي العَظِيمِ فَكَانَ سُجُودُهُ لَتُهَا لَكَ اللهُ لِمَنْ حَمِدَهُ رَبَّنَا لَكَ المَمْ فَالَ سَمِعَ اللهُ لِمَنْ حَمِدَهُ رَبَّنَا لَكَ الْحَمْدُ ثُمَّ قَامَ طَويلاً قَريباً مِمَّا رَكَعَ ثُمَّ سَجَدَ فَقَالَ سُبْحَانَ رَبِّيَ الأَعْلَى فَكَانَ سُجُودُهُ قَالَ سَبْعَانَ رَبِّيَ الأَعْلَى فَكَانَ سُجُودُهُ قَالَ مَنْ قِيَامِهِ رَواه مسلم

## বাংলা

(৪১৭) আবূ আব্দুল্লাহ হুযাইফা ইবনে ইয়ামান (রাঃ) বলেন যে, আমি এক রাত নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে নামায পড়লাম। তিনি সূরা বাক্লারাহ পড়তে আরম্ভ করলেন। অতঃপর আমি (মনে মনে) বললাম যে, তিনি একশো আয়াত পড়ে রুকুতে যাবেন। কিন্তু তিনি (তা না করে) কিরাআত করতে থাকলেন। তারপর আমি (মনে মনে) বললাম যে, তিনি এই সূরা এক রাকাআতে সম্পন্ন করবেন; এটি পড়ে রুকু করবেন। কিন্তু তিনি (সূরা) নিসা আরম্ভ করলেন। তিনি তা সম্পূর্ণ পড়লেন। পুনরায় তিনি (সূরা) আলে ইমরান শুরু করলেন। সেটিও সম্পূর্ণ পড়লেন। (এত দীর্ঘ কিরাআত সত্ত্বেও) তিনি ধীর শান্তভাবে থেমে থেমে পড়ছিলেন।

যখন কোন এমন আয়াত এসে যেত, যাতে তাসবীহ (আল্লাহর পবিত্রতার বর্ণনা) আছে, তখন তিনি (ক্বিরাআত বন্ধ করে) তাসবীহ (অর্থাৎ সুবহানাল্লাহ) পড়তেন। আর যখন প্রার্থনা সম্বলিত আয়াত এসে যেত, তখন প্রার্থনা করতেন। যখন আশ্রয় চাওয়ার আয়াত আসত, তখন আশ্রয় চাইতেন। অতঃপর তিনি রুকু করলেন; তাতে তিনি বলতে লাগলেন, সুবহানা রাব্বিয়াল আযীম। সুতরাং তাঁর রুকুও তাঁর কিয়ামের (দাঁড়ানোর) মত দীর্ঘ হয়ে গেল! অতঃপর তিনি 'সামিআল্লাহু লিমান হামিদাহ' বললেন ও (রুকু হতে উঠে) প্রায় রুকু সম দীর্ঘ কিয়াম করলেন। অতঃপর তিনি সিজদা করলেন এবং (সাজদায়) তিনি 'সুবহানা রাব্বিয়াল আ'লা' (দীর্ঘ সময় ধরে) পড়লেন ফলে তাঁর সিজদা তাঁর কিয়ামের সমান হয়ে গেল।



## ফুটনোট

(মুসলিম ১৮৫০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ হুযায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন